

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২. ১৯০

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দনির্বাহী প্রকৌশলী  
গণপূর্ত ই/এম বিভাগ-৭  
শেরে বাংলা নগর, ঢাকা।  
ফোন-৫৫০২৮৮০৮।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

- সূত্রঃ (১) আবেদন নথি নং- এসই(পিএন্ডডি)- ৭৮৪, তাং- ২২/০৮/২০২১ খ্রিঃ।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৭৭৭, তারিখ-১৫/০৯/২০২১ খ্রিঃ।  
(৩) ০৩/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০৬৬৪৬৯ (বাংলাদেশ ব্যাংক লিঃ), টাকা = ১২,৮০০/-  
(৪) ০৩/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০৬৬৪৭০ (বাংলাদেশ ব্যাংক লিঃ), টাকা = ৯,৪৫,৮৯০/-  
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৯৪৭, তারিখ-১৭/১১/২০২১ খ্রিঃ।  
(৬) গণপূর্ত স্মারক নং-ই/এম-৭/২২০১, তাং- ০৬/০১/২০২২ খ্রিঃ।  
(৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৬৬, তারিখ-২৫/০১/২০২২ খ্রিঃ।  
(৮) ০১/০৩/২২ তারিখের পে-অর্ডার নং-৪০৮৫৬৩৩ (বাংলাদেশ ব্যাংক লিঃ), টাকা = ৯,৬০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকার আগারগাঁওস্থ নবনির্মিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ ভবনের জন্য 'সাময়িকভাবে' ওভারহেড লাইনের মাধ্যমে ৬৪০ (ছয়শত চল্লিশ) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (আগারগাঁও) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। অত্র এলাকার সকল ওভারহেড লাইন সমূহ পর্যায়ক্রমে অপসারণ করা হবে বিধায় দ্রুত রাজা খননের অনুমতি গ্রহণ করে 'পূর্বের অনুমোদন' মোতাবেক GTCL RMU হতে 'ভূ-গর্ভস্থ ক্যাবলের' মাধ্যমে স্থায়ী সংযোগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১০। GTCL RMU হতে সংযোগের জন্য প্রয়োজনীয় লেভেলের ভূ-গর্ভস্থ ক্যাবল সংগ্রহ করে রাজা খননের অনুমতি পাওয়ার সাথে সাথে ভূ-গর্ভস্থ ক্যাবল স্থাপন করে সংযোগ গ্রহণ করতে হবে। সাময়িক সংযোগ গ্রহণের জন্য ওভারহেড ফিডার হতে আপনাদের উপকেন্দ্র পর্যন্ত নিজস্ব ব্যবস্থাপনায় সংযোগ গ্রহণ করতে হবে।
- ১১। ভবিষ্যতে PWD কর্তৃক বাস্তবায়নধীন ও নির্মিতব্য সকল প্রকল্পের বিদ্যুৎ সংযোগের জন্য অবকাঠামো ব্যয় বাবদ DPP/RDPP তে পর্যাপ্ত অর্থের সংস্থান রাখার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- ১১। উক্ত ছাড়পত্র মার্চ-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(প্রকৌঃ মোঃ আশেফুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-২।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (আগারগাঁও)।
- ৪। অফিস কপি।